

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭২.২০১৫-

৫৬২

আদেশ

তারিখঃ ০২.০৭.২০১৫খ্রিঃ

যেহেতু, ডা: শহীদুল ইসলাম চৌধুরী (১২৯০৩৭), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী গত ০২.১০.২০১৪ তারিখ হতে ১২.১১.২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২১.০৬.২০১৫ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭২.২০১৫-৩৩৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৯.০৮.২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডা: শহীদুল ইসলাম চৌধুরী (১২৯০৩৭), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তাঁর ০২.১০.২০১৪ তারিখ হতে ১২.১১.২০১৪ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তাকে অনুপস্থিতকালীন সময়ে উত্তোলিত বেতন-ভাতা ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭২.২০১৫-

৫৬২/১(১০)

তারিখঃ ০১.০৭.২০১৫খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। সিভিল সার্জন, নোয়াখালী।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাতিয়া, নোয়াখালী।
- ৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, হাতিয়া, নোয়াখালী।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডা: শহীদুল ইসলাম চৌধুরী (১২৯০৩৭), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী।

(আসমা তাসকিন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৮.২০১৫-

৫৬০

তারিখঃ ০১.০৮.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ কামরুল আনাম (১৩১৯৮০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদগঞ্জ, চাঁদপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ কামরুল আনাম (১৩১৯৮০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদগঞ্জ, চাঁদপুর গত ১৩.১০.২০১৪ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(বিমান কুমার সাহা এনজিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ কামরুল আনাম (১৩১৯৮০)

বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

এবং সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদগঞ্জ, চাঁদপুর।

(স্থায়ী ঠিকানাঃ- পিতা মোঃ সানাউল্লাহ, গ্রাম-শকধিরামপুর, ডাক-চন্দ্রা, উপজেলা-ফরিদগঞ্জ, জেলা-চাঁদপুর-৩৬৫১)


(যোগাযোগ ঠিকানা-৫, সেগুনবাগিচা, সেগুনবাগিচা কনকর্ড, ফ্ল্যাট-১০/ই, সেগুনবাগিচা, ঢাকা-১০০০)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৮.২০১৫- ৫৬০/১(৬)

তারিখঃ ০১.০৮.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাসীটে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিভিল সার্জন, চাঁদপুর।
- ৪। সিনিয়র সহকারী সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফরিদগঞ্জ, চাঁদপুর।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



(আসমা তাসকিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ মোঃ কামরুল আনাম (১৩১৯৮০), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্ত-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফরিদগঞ্জ, চাঁদপুর গত ১৩.১০.২০১৪ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৫- ৫৫৬

তারিখ: ১১.০৫.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ এ. কে. এম. মুজিবুর রহমান (৪২৩৩০), প্রাক্তন পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ এ. কে. এম. মুজিবুর রহমান (৪২৩৩০), প্রাক্তন পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা অসং উদ্দেশ্যে পিপিআর-২০০৮ এর সংশ্লিষ্ট বিধিবিধান লংঘন করে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকার জন্য 1.5 Telsa MRI Machine, Brand HITACHI Model: ECHELON Origin: Japan for Electronics & UK/USA for magnet: Magnet System ক্রয় করেন;


যেহেতু, আপনার অনিয়ম ও দায়িত্বে অবহেলার মাধ্যমে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল এর ক্ষেত্রে দরপত্র কার্যক্রমে মোটেই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়নি। ফলে, প্রতিযোগিতামূলক মূল্যে এমএসআর সামগ্রী ক্রয় করা সম্ভব হয়নি। বাজার দর কমিটি এবং দাপ্তরিক প্রাক্কলিত/দরপত্র মূল্য নির্ধারণ কমিটি তথা ক্রয়কারী কর্তৃপক্ষ ব্যয় সংকোচ করার তাগিদ পিপিআর বিদ্যমান থাকলেও তা অনুসরণ করেননি;

যেহেতু, আপনার কর্মকালীন সময়ে procurement কার্যক্রমে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী যথাযথ পদ্ধতি অনুসরণে আপনার অবহেলা ও অদক্ষতা পরিলক্ষিত হয়েছে। procurement plan প্রণয়ন করেননি এবং HOPE এর অনুমোদন গ্রহণ করেননি। চুক্তি সম্পাদন ও ক্রয় প্রস্তাবে মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়াই ক্রয় কার্য সম্পন্ন করা পিপিআর অনুযায়ী গ্রহণযোগ্য নয়;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শুংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' হিসেবে গণ্য;

এক্ষেণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও (ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

ডাঃ এ. কে. এম. মুজিবুর রহমান (৪২৩৩০)

প্রাক্তন পরিচালক

শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরেবাংলানগর।


(যোগাযোগ ঠিকানাঃ- হাউজ-৮৬০/সি, রোড-১৩, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, শ্যামলী, ঢাকা)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৫- ৫৫৬/১৫)

তারিখ: ১১.০৫.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপ-পরিচালক (শুংখলা) (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপ-সচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd


অভিযোগ বিবরণী

আপনি ডাঃ এ. কে. এম. মুজিবুর রহমান (৪২৩৩০), প্রাক্তন পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা অসং বদ্বেশ্যে পিপিআর-২০০৮ এর সংশ্লিষ্ট বিধিবিধান লংঘন করে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকার জন্য 1.5 Telsa MRI Machine, Brand HITACHI Model: ECHELON Origin: Japan for Electronics & UK/USA for magnet: Magnet System ক্রয় করেন;

যেহেতু, আপনার অনিয়ম ও দায়িত্বে অবহেলার মাধ্যমে শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল এর ক্ষেত্রে দরপত্র কার্যক্রমে মোটেই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়নি। ফলে, প্রতিযোগিতামূলক মূল্যে এমএসআর সামগ্রী ক্রয় করা সম্ভব হয়নি। বাজার দর কমিটি এবং দাপ্তরিক প্রাক্কলিত/দরপত্র মূল্য নির্ধারণ কমিটি তথা ক্রয়কারী কর্তৃপক্ষ ব্যয় সংকোচ করার তাগিদ পিপিআর বিদ্যমান থাকলেও তা অনুসরণ করেননি;

যেহেতু, আপনার কর্মকালীন সময়ে procurement কার্যক্রমে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী যথাযথ পদ্ধতি অনুসরণে আপনার অবহেলা ও অদক্ষতা পরিলক্ষিত হয়েছে। procurement plan প্রণয়ন করেননি এবং HOPE এর অনুমোদন গ্রহণ করেননি। চুক্তি সম্পাদন ও ক্রয় প্রস্তাবে মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়াই ক্রয় কার্য সম্পন্ন করা পিপিআর অনুযায়ী গ্রহণযোগ্য নয়;

আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি আপনার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি'র দায়ে অভিযুক্ত হয়েছেন।


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

০৬৭

০২.০৯.২০১৫ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ নাফিসা নূর (৩৯০৫৮), সহকারী অধ্যাপক, রেডিওলজি ও ইমেজিং বিভাগ, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা গত ১০.০২.২০১৩খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৮.১১.২০১৩খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১৩-৯৯৩নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তীর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২০.০৮.২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১৩-৬৪৭নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তীর জবাব সন্তোষজনক না হওয়ায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২২.০৬.২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০১৯.২০১৫-১৯২নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৮.০৮.২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষেপে সেহেতু সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ নাফিসা নূর (৩৯০৫৮), সহকারী অধ্যাপক, রেডিওলজি ও ইমেজিং বিভাগ, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকাকে তীর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১০.০২.২০১৩খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১৩-

০৬৭/১(২)

তারিখঃ ০২.০৯.২০১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্বামী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ নাফিসা নূর (৩৯০৫৮), সহকারী অধ্যাপক, রেডিওলজি ও ইমেজিং বিভাগ, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা (স্বামী ঠিকানাঃ- পিতা-মোঃ নুরুল হক, বাড়িঃ-৩৬৬, রোড-৫, বায়তুল আমান হাউজিং, আদাবর, শ্যামলী, ঢাকা)।


(আসমা তাসকিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd